সংবাদ

তারিখ 04 FEB 2016
পৃষ্ঠা 2 কলাম ৪

# ভারতে এই প্রথম প্রতিষ্ঠিত হচ্ছে রেলওয়ে বিশ্ববিদ্যালয়

প্রিয়া সাহা, কলকাতা থেকে

এই প্রথম ভারতে প্রতিষ্ঠিত হতে যাচ্ছে রেলওয়ে বিশ্ববিদ্যালয়। আর তা হচ্ছে ভারতের গুজরাট রাজ্যে। গুজরাটের ভদোদরা শহরের প্রতাপ বিলাস প্যালেসে প্রথম চালু করা হবে এই বিশ্ববিদ্যালয়। গুজরাটের রাজ্য রেলওয়ে মন্ত্রী মনোজ সিনহা ভদোদরা সফরে গিয়ে সম্প্রতি এই ঘোষণা দিয়েছেন। প্রথম এই বিশ্ববিদ্যালয় চালু করা হবে ভদোদরার প্রতাপ বিলাস প্যালেসের ন্যাশনাল একাডেমি অফ ইন্ডিয়ান রেলওয়েজ বা এনএআইআর ক্যাম্পাসে। তারপর নিজস্ব জায়গায়। গুজরাটের রাজ্য সরকার এই বিশ্ববিদ্যায় গড়ার জন্য জমি দেওয়ার কথা ঘোষণা করেছেন। বিশ্ববিদ্যালয় গড়ার এই প্রস্তাব ভারতের সংসদ লোকসভায় অনুমোদিত হলেই শুরু হবে এই বিশ্ববিদ্যায় গড়ার কাজ।